'समानो मन्त्रः समितिः समानी'

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Honours 1st Semester Examination, 2023

## CC2-BENGALI

### NEW & RE-REVISED SYLLABUS

Time Allotted: 2 Hours | Full Marks: 60

*The figures in the margin indicate full marks.*

### বিভাগ-ক

১। নিম্নলিখিত যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ ৩×৪ = ১২

(ক) রাবণের পিতা ও মাতার নাম কী ? ব্রহ্মা তাকে কোন্ বর দিতে অস্বীকার করেন ?

(খ) কৃত্তিবাসী রামায়ণে লবণ দৈত্যকে কে বধ করেন এবং তিনি কোথাকার রাজা হন ?

(গ) বৈষ্ণব রস শাস্ত্রমতে অভিসারের সংজ্ঞা দাও। এই অভিসার মোট কত প্রকার ও কি কি ?

(ঘ) চণ্ডীদাসকে কোন্ যুগের কবি মনে করা হয় ? তাঁর পদাবলী সাহিত্যের তিনটি বৈশিষ্ট্য লেখো।

(ঙ) আগমনী কাকে বলে ? আগমনী কত প্রকার ও কী কী ? আগমনীতে কোন্ ঋতুর প্রাধান্য রয়েছে ?

(চ) "আমায় দেও মা তবিলদারী" — কার লেখা, কোন্ পর্যায়ের পদ ? এর দ্বারা বক্তা কী বলতে চেয়েছেন ?

### বিভাগ-খ

২। নিম্নলিখিত যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ ৬×৪ = ২৪

(ক) কৃত্তিবাস ওঝার উত্তরাকাণ্ড অবলম্বনে 'গজ-কচ্ছপের বৃত্তান্ত' সম্বন্ধে আলোচনা করো।

(খ) কবি কৃত্তিবাস ওঝা উত্তরাকাণ্ডে হনুমানের যে বিবরণ দিয়েছেন তা লেখো।

(গ) ব্রজবুলি কী ? তোমার পাঠ্য গোবিন্দদাসের একটি পদ অবলম্বনে ব্রজবুলি ভাষার পরিচয় দাও।

(ঘ) "ঘর কৈনু বাহির, বাহির কৈনু ঘর।
পর কৈনু আপন, আপন কৈনু পর॥"
— কার রচিত, কোন্ পর্যায়ের পদ ? পদটির মর্মার্থ লেখো।

(ঙ) 'মা আমায় ঘুরাবি কত' — পদটি কোন্ পর্যায়ের ? কবি কে ? এখানে তাঁর আর্তি ব্যাখ্যা করো।

(চ) 'আমি কি হেরিলাম নিশি স্বপনে।' — পদটি কার লেখা, কোন্ পর্যায়ের পদ ? পদটির ভাষা, ছন্দ ও অলংকার ব্যবহারে কবিকৃতির পরিচয় দাও।

### বিভাগ-গ

৩। নিম্নলিখিত যে-কোনো *দুটি* প্রশ্নের উত্তর দাওঃ ১২×২ = ২৪

(ক) কৃত্তিবাস ওঝার 'উত্তরাকাণ্ড' অবলম্বনে প্রজাপালক রাম চরিত্রের স্বরূপ বিশ্লেষণ করো।

(খ) মাথুর কাকে বলে ? মাথুর পর্যায়ে বিদ্যাপতির কৃতিত্ব বিচার করো।

(গ) আক্ষেপানুরাগ কাকে বলে ? এই পর্যায়ের শ্রেষ্ঠ কবি কে ? এই পর্যায়ের পাঠ্য পদগুলির নিরিখে তাঁর শ্রেষ্ঠত্ব প্রমাণ করো।

(ঘ) শাক্ত পদাবলী উদ্ভবের কারণ কী ? এই ধারার একজন কবির রচিত পদাবলীর মূল্যায়ন করো।